

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

নথি নং-০৯.৩১২.০১৯.০২.০০.০২০.২০০৬/ ৪২৩

তারিখ: ১৯/০৯/২০১৬খ্রিঃ

প্রজ্ঞাপন


গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৭ (১) এর বিধান অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ সোলায়মান তালুকদার এর জন্ম তারিখ ২৫/০৯/১৯৫৭ খ্রিষ্টাব্দ। সে হিসেবে তাঁর বয়স ২৪/০৯/২০১৬ তারিখে ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হবে। অর্থ বিভাগের ০৬/০৮/২০১০ তারিখের ৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ৫৯(উনষাট) বছর পূর্তির দিনটি সংশ্লিষ্ট গণ কর্মকর্তা/কর্মচারীগণের অবসর গ্রহণের দিন হিসেবে গণ্য হবে। সে পরিপ্রেক্ষিতে জনাব মোঃ সোলায়মান তালুকদারকে ২৪/০৯/২০১৬ তারিখ অকর্ম দিবস (Non-working day) গণ্য করে ২৫/০৯/২০১৬ তারিখ হতে তাঁর অবসর উত্তর ছুটি গমনের তারিখ নির্ধারণ করা হলো। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটির প্রতিবেদন অনুসারে দেখা যায় তাঁর পূর্ণ গড় বেতনে ২ বৎসর ০৭ মাস এবং অর্ধগড় বেতনে ২ বৎসর ০৯ মাস ২৮ দিন ছুটি পাওনা আছে।

০২। এ প্রেক্ষিতে প্রশাসনিক কর্মকর্তা, জনাব মোঃ সোলায়মান তালুকদারকে ২৫/০৯/২০১৬ থেকে ২৪/০৯/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি নির্দেশক্রমে মঙ্গুর করা হলো।

০৩। বিধি অনুযায়ী তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ নগদায়ন ভাতা (ল্যাম্পগ্র্যান্ট) মঙ্গুরিল আদেশ প্রদান করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোহাম্মদ নাজিম আহমেদ)

সিনিয়র সহকারী সচিব


ফোনঃ ৯১১৯৭১৯

নথি নং-০৯.৩১২.০১৯.০২.০০.০২০.২০০৬/ ৪২৩

তারিখ: ১৯/০৯/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। যুগ্ম-সচিব, মধ্যপ্রাচ্য অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২। উপ-সচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। উপ-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১০। জনাব মোঃ সোলায়মান তালুকদার, ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১১। ব্যক্তিগত নথি।


(মোহাম্মদ নাজিম আহমেদ)

সিনিয়র সহকারী সচিব